ইত্তেফাক

তারিখ ..৮।১১।৮২

পৃষ্ঠা

061

# ‘মুষ্টিমেয় লোকের কল্যাণ বিজ্ঞান শিক্ষার লক্ষ্য হইতে পারে না’

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (রবিবার) জয়দেবপুরে বিজ্ঞান সম্মেলনে বিজ্ঞান শিক্ষা সম্পর্কিত সিম্পোজিয়ামে বিভিন্ন বক্তা বলেন, মুষ্টিমেয় মানুষের কল্যাণ সাধন বিজ্ঞান শিক্ষার লক্ষ্য হইতে পারে না। আপামর জনগণের কল্যাণে সামাজিক-অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত করাই বিজ্ঞান শিক্ষার লক্ষ্য হওয়া উচিত।

অধিবেশনে প্রফেসর কে এম সিরাজুল ইসলাম বলেন, বিজ্ঞানের আবিষ্কার ও অবদান সম্পর্কে আমাদের গ্রামবাংলার জনগণ সম্পূর্ণ অনবহিত। বেতার ও টিভির মাধ্যমে তাহাদিগকে বিজ্ঞান সম্পর্কে সচেতন করিয়া তোলা যায়। অতিরিক্ত শিক্ষা সচিব জনাব আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দিন বলেন, কেবল প্রকৃতির রহস্য উন্মোচন ও মুষ্টিমেয় লোকের কল্যাণ সাধন বিজ্ঞান শিক্ষার লক্ষ্য হইতে পারে না। দেশের সমগ্র জনসংখ্যার কল্যাণে সামাজিক-অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করাই লক্ষ্য হওয়া উচিত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আবদুল জব্বার মিয়া বলেন, পশ্চিম জার্মানী, জাপান, চীন ও কোরিয়ার অনবদ্য উন্নয়নের মূলে রহিয়াছে জনশক্তিকে বৈজ্ঞানিক প্রশিক্ষণ দানের মাধ্যমে উন্নয়ন করায়ত্ত করার কৌশল।